হরিণাকুণ্ডুতে বাল্যবিবাহ প্রতিরোধে কর্মশালা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৮ অক্টোবর) উপজেলার ৪ নং দৌলতপুর ইউনিয়নের কেবি একাডেমী মাধ্যমিক বিদ্যালয়ে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের যৌথ আয়োজনে বাল্যবিবাহ, সাইবার অপরাধ, নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও আত্মহত্যা, নারী ও শিশু পাচার, ইভটিজিং ও স্কুল থেকে ঝরেপড়া প্রতিরোধ, বয়োঃসন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতা, জন্ম-মৃত্যু নিবন্ধন এবং শিক্ষার্থীদের আত্মপ্রত্যয়ী হয়ে গড়ে ওঠার বিষয়ে সচেতনতামূলক আলোচনা করা হয়।

আলোচনা অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা, এছাড়াও উপস্থিত ছিলেন স্কুলের শিক্ষক কর্মচারীসহ শিক্ষার্থীরা।

আলোচনা সভায় বক্তারা বলেন, বাল্যবিবাহ একটি সামাজিক ব্যাধি, সমাজে সচেতনতার অভাবে অপ্রাপ্ত বয়সে বিয়ে দেয়। এতে অপ্রাপ্ত বয়সে গর্ভধারণের ফলে মারাত্মকভাবে ঝুঁকিতে পড়তে হয় তাদের। এছাড়া বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও আত্মহত্যা, নারী ও শিশু পাচার, ইভটিজিং প্রতিরোধে নানা আলোচনা করেন। এব্যাপারে সবাইকে সাথে নিয়ে সামাজিক আন্দোলন গড়ে তুলার আহবান জানান।

আলমডাঙ্গায় মাকিম হাজেরা শিক্ষা বৃত্তি প্রদান অনুষ্ঠিত

আলমডাঙ্গায় মকিম হাজেরা শিক্ষা বৃত্তির শুভ পুনঃযাত্রা শুরু। গতকাল আলমডাঙ্গা সরকারি কলেজে অসচ্ছল বিশ্ববিদ্যালয়, কলেজ ও

স্কুলপড়ুয়া শিক্ষার্থীদের হাতে অধ্যক্ষ প্রফেসর ড. মফিজুর রহমান বৃত্তির টাকা তুলে দেন।

আমেরিকার পেনসিলভানিয়ার চেনি বিশ্ববিদ্যালয়ে ৮৬ বছর বয়সি অবসরপ্রাপ্ত প্রফেসর ড. মোনায়েম চৌধুরী তাঁর প্রয়াত পিতা-মাতা মীর আব্দুল মকিম চৌধুরী এবং বেগম হাজেরা খাতুনের স্মৃতির উদ্দেশ্যে এই বৃত্তি পুনরায় চালু করেছেন। ড. চৌধুরী বিশ্বাস করেন, অসচ্ছলতা ও প্রতিকূল পরিবেশ সফলতার বড় অন্তরায়। তাই তিনি এই বৃত্তি প্রদানে আর্থিকভাবে অসচ্ছল, এতিম, অসহায় ও নারী শিক্ষার্থীদের বিশেষ প্রাধান্য দিচ্ছেন।

এই বৃত্তির আওতায় শিক্ষার্থীদের স্কুল/কলেজের টিউশন ফি, পরীক্ষার ফি, প্রাইভেট টিউটরের খরচ, বই-খাতা ও শিক্ষাসামগ্রীসহ সকল শিক্ষা-সম্পর্কিত ব্যয় বহন করা হচ্ছে। প্রয়োজনে পরিবারের সহায়তা, পুষ্টিকর খাবার কিংবা (বিশেষ করে মেয়েদের ক্ষেত্রে) যাতায়াত ভাতা হিসেবেও অতিরিক্ত অর্থ প্রদান করা হচ্ছে।

বর্তমানে আলমডাঙ্গা ও আশপাশের এলাকার আটজন শিক্ষার্থীদের মাঝে এই কার্যক্রম শুরু হলেও ড. চৌধুরী ভবিষ্যতে এই উদ্যোগের পরিধি আরও বাড়াতে চান।

এদের মধ্যে কেউ সরকারি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার সুযোগ পেলে, তিনি সেই ব্যয়ভারও এই বৃত্তি থেকে বহনের জন্য বিবেচনা করবেন। বৃত্তিপ্রাপ্তদের জন্য তিনটি শর্ত নির্ধারণ করা হয়েছে।

গাংনী পৌর বিএনপি’র কর্মীসভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী পৌর বিএনপি’র ৫ ও ৬ নং ওয়ার্ড শাখার কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে গাংনী পৌর শহরের টেপিপড়া ডিজিটাল স্কেলের সামনে উক্ত কর্মী সভার আয়োজন করে গাংনী পৌর বিএনপি।

কর্মী সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক এমপি আমজাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, সাবেক কাউন্সিলর নাসির উদ্দিন।

গাংনী পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান বাবলুর সঞ্চালনায় কর্মীসভায় সভাপতিত্ব করেন, গাংনী পৌর বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক ইয়ামিন আলী বাবলু। গাংনী পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মনিরুজ্জামান মনি, সাহারবাটি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান আসমাতারা, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসেন সহ অসংখ্য নেতাকর্মী।

অনুষ্ঠানে বক্তারা বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান গাংনী থেকে সাবেক এমপি আমজাদ হোসেনকে গ্রীন সিগন্যাল দিয়েছে। সেজন্য আমরা তার পক্ষে অবস্থান নিয়েছি। তবে শেষ পর্যন্ত যদি ধানের শীষের মনোনয়ন অন্য কেউ নিয়ে আসতে পারে আমরা তার পক্ষেই কাজ করবো। ধানের শীষ যার, আমরা বিএনপি নেতাকর্মী সবাই তার।

দর্শনায় আখচাষী সমাবেশ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদার লোকনাথপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আখচাষী সমাবেশে অনুষ্টিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৫ টার দিকে ২০২৪-২৫ আখ রোপন লক্ষ্যমাত্রা অর্জন ও পরিষ্কার-পরিচ্ছন্ন আখ সরবরাহের লক্ষে আখচাষী সমাবেশ ও আলোচনাসভা অনুষ্টিত হয়। এ আখচাষী সমাবেশে বিশিষ্ট আখচাষি ও ইউপি সদস্য জনাব রিকাত আলীর সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্টিত হয়। এ আখচাষী সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে আলোচনা করেন, কেরু এ্যান্ড কোম্পানীর নবাগত ব্যাবস্হাপনা পরিচালক রাব্বিক হাসান।

এ আখচাষী সমাবেশে তিনি বলেন, আপনারা পরিষ্কার পরিচ্ছন্ন আখ পরিধান করুন। তাহলে চিনিকলটির ক্রটি দেখা দিবে না, আপনাদের ভোগান্তিতে পড়তে হবে না।তাই মিলটি ভালো ভাবে চলতে হলে আপনাদের পরিষ্কার আখ মিলে পরিধান করতে হবে। এতে চিনির আহরণ বাড়বে আপনাদের ভোগান্তি কমবে। আপনাদের এ মিলটি টিকে থাকলে অত্র অঞ্চলের অর্থনৈতিক চাহিদা মেটাবে। আপনারা বেশি বেশি আখ লাগান মিলটি বাঁচিয়ে রাখুন।

আখচাষীদের উদ্দ্যেশে আরও বলেন, আগামীতে আখের মৃল্য বৃদ্ধি করা হবে, তাই বেশি বেশি আখ লাগান। এ সময় আরও উপস্থিত ছিলেন, মহাব্যবস্থাপক (কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়া ও ডিজিএম (সম্প্রসারণ) মাহবুবুর রহমান প্রমুখ। এ আখচাষী সমাবেশে প্রায় ২শ আখচাষী উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত

দামুড়হুদা সদর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের জাতীয়তাবাদী মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বেলা সাড়ে ৪টার সময় সদর ইউনিয়ন বিএনপি’র উদ্যোগে ৬নং ওয়ার্ড দেউলী সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রঙ্গনে মহিলা দলের এই কর্মীসভা অনুষ্ঠিত হয়।

দেউলী ৬নং ওয়ার্ড জাতীয়তাবাদী মহিলা দলের নেত্রী আছমা খাতুন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপ’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসার আবুল হাসেম, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, সদর ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক ভারপ্রাপ্ত আনছার আলী, উপজেলা বিএনপির অন্যতম নেতা রোকনুজ্জামান তোতাম, শামসুল হক।

অনুষ্ঠানে প্রধান বক্তা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল

হাসান তনু বলেন, বিএনপি সব সময় মানুষের অধিকার, মতের স্বাধীনতা এবং গণতন্ত্রের জন্য কাজ করে। আপনাদের এই আন্তরিক উপস্থিতি দেখে আমি সত্যিই অনুপ্রাণিত হয়েছি। মহিলা দল বিএনপি’র সবচেয়ে শক্তিশালী অহিংস আন্দোলনের ভিত্তি। আপনারাই ঘরে ঘরে দলের অবস্থান জানান দেন, মানুষের দুঃখ-কষ্টের কথা সবচেয়ে আগে অনুভব করেন। সামনে জাতীয় নির্বাচন। এটি সঠিক নেতৃত্ব বেছে নেওয়ার সময়।

আমাদের প্রিয় নেতা চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি এবং বিজিএমইএর সভাপতি মাহমুদ হাসান খান বাবু ধানের শীষের পক্ষে দলীয় মনোনয়ন নিয়ে নির্বাচনে অংশ নেবেন। আমরা সবাই তার পাশে থেকে জনগণের ভোটাধিকার নিশ্চিত করতে কাজ করব। আমি বিশ্বাস করি, আমরা যদি পরস্পরের প্রতি সম্মান রেখে এক হয়ে কাজ করি, তাহলে অবশ্যই গণতন্ত্র ফিরে আসবে। আমাদের প্রতিটি পদক্ষেপ হবে শান্তিপূর্ণ, সংগঠিত এবং মানুষকে সাথে নিয়ে এগিয়ে যাওয়ার। আপনাদের প্রতি আমার অনুরোধ, আরও শক্তভাবে দলকে সহযোগিতা করুন। আমরা জনগণের পাশে আছি এবং থাকব।

সভায় বক্তারা আসন্ন জাতীয় নির্বাচনে দলের প্রার্থীর পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান এবং গণতন্ত্র পুনরুদ্ধারে মহিলা দলের অগ্রণী ভূমিকার কথা তুলে ধরেন। শেষে উপস্থিত নেতা- কর্মীদের অংশগ্রহণে দলের শক্তিশালী সংগঠন গড়ে তোলার অঙ্গীকারের মধ্য দিয়ে কর্মীসভা সমাপ্ত হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, ৬নং ওয়ার্ড বিএনপি’র সহসভাপতি আবু বক্কর মাস্টার।

চুয়াডাঙ্গায় যুব সবুজ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা ও জীবননগরে যুব সবুজ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার ১৯ থেকে ২৩ অক্টোবর পর্যন্ত

চুয়াডাঙ্গার ওয়েভ ট্রেনিং সেন্টার ও জীবননগর টেকনিক্যাল ট্রেনিং সেন্টারে এই প্রশিক্ষণ সম্পন্ন করা হয়।

ওয়েভ ফাউন্ডেশনের বাস্তবায়নে ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় Youth Green Entrepreneurship Development Project চুয়াডাঙ্গা, ঝিনাইদহ সদর এবং মেহেরপুর সদর উপজেলায় বাস্তবায়ন হচ্ছে এই প্রশিক্ষণটি। প্রশিক্ষণের মূল লক্ষ্য হলো ৫১০ জন যুবদের প্রশিক্ষণের মাধ্যমে সবুজ উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা। যাতে তারা পরিবেশবান্ধব ব্যবসায়িক উদ্যোগ গ্রহণ করে। সেই সাথে কর্মসংস্থান সৃষ্টি ও টেকসই উন্নয়নে অবদান রাখতে পারে

জানা গেছে, ওয়েভ ফাউন্ডেশনের উদ্যোগে প্রশিক্ষণে সদর উপজেলার ৩০ জন যুব ২২ জন নারী ও ৮ জন পুরুষ এবং জীবননগর উপজেলায় ৩০ জন যুব ১৩ জন নারী এবং ১৭ পুরুষ কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, যুব উদ্যোক্তা অংশগ্রহণ করেন এই প্রশিক্ষণে।

প্রশিক্ষণে প্রশিক্ষনার্থীরা জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও টেকসই উন্নয়নের জন্য সবুজ উদ্যোক্তা উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, প্রাণ ও প্রকৃতিকে সুরক্ষিত রেখে পরিবেশ বান্ধব উদ্যোগ বাস্তবায়ন করার কৌশল, এর গুরত্ব সম্পর্কে হাতে কলমে প্রশিক্ষণ পেয়েছে এতে অংশগ্রহণকারীরা প্রত্যাশা করেন যে এই প্রশিক্ষণের মাধ্যমে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আসবে এবং উদ্যোগ বাস্তবায়নে অবশ্যই সবুজ বিশেষ করে জলবায়ু পরিবর্তন এর প্রভাবকে বিবেচনা, টেকসহিতা, নিরাপদ ও কর্মসংস্থান সৃষ্টি হবে।

মুজিবনগর উপজেলা বিএনপি’র কর্মীসভা অনুষ্ঠিত

আসন্ন নির্বাচন উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৭ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুুতি সভা করেছে মুজিবনগর উপজেলা বিএনপি।

আজ বুধবার বিকাল ৪ টায় মুজিবনগর উপজেলা বিএনপি’র আয়োজনে

মুজিবনগর উপজেলা বিএনপি’র কার্যালয়ে উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলামের সভাপতিত্বে প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক কামরুল হাসান ।

প্রস্তুতি সভায় আরো উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, জেলা বাস মালিক সমিতির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইদুর রহমান, জেলা বিএনপি’র সাবেক নির্বাচন কমিশনার, এ্যাড. নজরুল ইসলাম।

মুজিবনগর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক হারুনুর রশিদ, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সভাপতি রায়হান কবীর, সাধারন সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়ন, ওয়ার্ড, গ্রাম বিএনপি’র নেতাকর্মী বৃন্দসহ মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের সিংহাটিতে তুলার মাঠ দিবস অনুষ্ঠিত

মেহেরপুর সদরের পূর্ব সিংহাটি গ্রামে পরিকল্পিত উপায়ে তুলা চাষ বাড়াতে চাষীদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।গতকাল সোমবার বিকেল ৪ টায় বারাদী ইউনিয়নের পূর্বপাড়া সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে মাঠ দিবস অনুষ্ঠিত

হয়।

চুয়াডাঙ্গা আঞ্চলিক তুলা উন্নয়ন বোর্ডের আয়োজনে ও মেহেরপুর সদর ইউনিটের সহযোগিতায় এবং রাজস্ব বাজেটের অর্থায়নে অনুষ্ঠিত মাঠ দিবসে প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গার প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা সেন দেবাশীষ। বিশেষ অতিথি ছিলেন, সুপ্রিম সীড এর প্রতিনিধি হুমায়ন আহমেদ।

বারাদী ইউনিয়নের ৩০ জন তুলা চাষীদের নিয়ে মাঠ দিবস অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি তার বক্তব্যে তুলা ফসলের ফলন বৃদ্ধির উপায় সম্পর্কে বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বারাদী অফিসের কটন ইউনিট অফিসার জাকারিয়া ইকবাল।

আলমডাঙ্গার অধ্যক্ষ আব্দুস সাত্তারের স্বরণসভা অনুষ্ঠিত

আলমডাঙ্গার অতিপরিচিত মুখ অধ্যক্ষ আব্দুস সাত্তারের স্বরণসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০ টার সময় বড় বোয়ালিয়া সরকারি প্রাথমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে প্রগতি তরুণ সংঘের উদ্যোগে এই স্বরণসভা অনুষ্ঠিত হয়েছে।

অধ্যক্ষ আব্দুস সাত্তারের মৃত্যুতে তার পরিবার, আত্মীয়স্বজন, কবি-সাহিত্যিক, বাউল সাধু, এলাকার গুনীজনদের নিয়ে এই স্বরণসভা অনুষ্ঠিত হয়েছে। অধ্যক্ষ আব্দুস সাত্তার গত ১২ তারিখে ঢাকা নিউরো সায়েন্স হসপিটালে শেষ নিশ্বাস ত্যাগ করেন। গত সোমবার বাদ আসর জানাজা শেষে দাফনকাজ সম্পন্ন হয়।

অধ্যক্ষ আব্দুস সাত্তারের ভাই কোরবান আলির সার্বিক তত্ত্বাবধানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন, সামসুর রহমান বাবলু। প্রধান অতিথি ছিলেন, বীর মুক্তিযোদ্ধা আনিস উদ্দিন।

বিশেষ অতিথি ছিলেন, ভাংবাড়িয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান কাইসার

আহম্মেদ বাবলু, হাটবোয়ালিয়া গার্লস স্কুলের সাবেক প্রধান শিক্ষক গালস ফজলুর হক জোয়ার্দার, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের সাবেক প্রাধান শিক্ষক সিরাজুল ইসলাম, হাটবোয়ালিয়া স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মতিউল হুদা, হাটবোয়ালিয়া বালিকা বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শরিফুজ্জামান লাকী, হাটবোয়ালিয়া স্কুল এন্ড কলেজের সহকারী অধ্যাপক কবি আসিফ জাহান, সমাজ সেবক জিনারুল ইসলাম, কবি সিদ্দিকুর রহমান প্রমুখ।

আলমডাঙ্গায় রিক্সা-ভ্যান শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত

আলমডাঙ্গার উপজেলা মঞ্চ চত্ত্বরে উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে রিক্সা-ভ্যান শ্রমিক সমাবেশে অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল ১০ টার সময় শ্রমিক সমাবেশে সভাপতিত্ব করেন, উপজেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি মোঃ মেহেদী ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় শ্রমিক ফেডারেশনের সাংগঠনিক সম্পাদক আক্তারুজ্জামান। তিনি বলেন, আমরা জীবনে আপনাদের মুসিপদে ফেলে চলে যাব না। সব সময় আমরা আপনাদের পাশে থাকবো, সৎ পথে থেকে আপনারা যেমন উপার্জন করেন তেমনি আমরা আমাদের বুকে টেনে নেব – এই গ্যারান্টি দিতে পারি।

আমরা যখন রাতের বেলায় বিপদে পড়ি, হাসপাতালে হোক, রেল স্টেশনে হোক বা কোনো জরুরি কাজে হোক আপনাদের সব সময় পাশে পাই, তাই আপনারা আমাদের কাছে সবচাইতে গুরুত্বপূর্ণ ব্যাক্তি।

তিনি আরও বলেন, আমরা আওয়ামী লীগের শাসন আমল দেখেছি, সেই শাসন আমলে আপনাদেরকে ভোটের কাজে ব্যাবহার করে ভোট শেষে আর কখনও খোজ নেয়নি, আমরা কথা দিলাম, আজকে যেভাবে আপনাদেরকে কাছে ডেকে নিয়েছি ভবিষ্যতে এই ভাবেই আপনারা থাকবেন। তবে কথা দেন আমাদের ছেড়ে চলে যাবেন না, আমরা আপনাদের সাথে অন্তত বেইমানি করবো না।